পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

পল্লীর রথে, প্রগতির পথে

কৌশলগত নীতিপত্র

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

প্রকাশকাল: ২৬ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

“বঙ্গাবন্ধু: বাংলাদেশ” *চিত্রকর্ম : কাইয়ুম চৌধুরী*

“বাংলাদেশ আমার স্বপ্ন, ধ্যান, ধারণা ও আরাধনার ধন। আর সে বাংলা ঘুমিয়ে আছে চির অবহেলিত গ্রামের আনাচে কানাচে, চির উপেক্ষিত পল্লীর কন্দরে কন্দরে, বিস্তীর্ণ জলভূমির আশেপাশে আর সুবিশাল অরণ্যের গভীরে।”

বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান

- *আমাদের উন্নয়নের একটি মানবিক অবয়ব রয়েছে। দারিদ্র্য ও ঝুঁকির মধ্যে থাকা জনগোষ্ঠীর জীবন-মানের উন্নয়ন আমাদের উন্নয়ন কার্যক্রমের মূল লক্ষ্য।*
- *সমাজের সকল ক্ষেত্রে নারী-পুরুষের সম-অধিকার নিশ্চিত করা আমাদের অঙ্গীকার।*
- *গ্রামই আমাদের জীবন। আলোকোজ্বল আধুনিকা রাজধানী ও শহরকে বাঁচিয়ে রাখছে গ্রামীণ অর্থনীতি আর মানুষ। ছোট-বড় সব গ্রামকেই আমাদের ঐতিহ্য অনুযায়ী আধুনিক ও আদর্শ গ্রাম হিসেবে গড়ে তুলতে হবে।*
- *এ সুন্দর পৃথিবীকে দারিদ্র্য ও ক্ষুধামুক্ত করার লক্ষ্যে আমি সকলকে একযোগে কাজ করার উদাত্ত আহ্বান জানাই।*

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

অনুবন্ধ

জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার
ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার মানবিক প্রচেষ্টার অংশ হিসেবে গ্রামীণ অঞ্চলের দরিদ্রতম মানুষের কল্যাণে বিআরডিবি'র একটি সফল উদ্যোগ থেকে ১৯৯৯ সনে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) সৃজন করেন। রুপকল্প ২০২১ ও রুপকল্প ২০৪১-এর পরিপূর্ণ রুপায়ণের লক্ষ্যে পল্লী এলাকায় অর্থের সুষম প্রবাহ নিশ্চিতকরণে একটি অমুনাফামূখী স্বশাসিত আর্থিক প্রতিষ্ঠান হিসেবে পিডিবিএফ অব্যাহতভাবে দারিদ্র্য বিমোচন এবং পল্লী উন্নয়নের লক্ষ্যে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫'তে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদন শক্তির ক্রমবৃদ্ধি ও জনগণের জীবনমানের উন্নয়নের দায়িত্ব রাষ্ট্রের উপর ন্যস্ত করা হয়েছে। এ দায়িত্বের মধ্যে রয়েছে অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা, চিকিৎসা, কর্মের অধিকার, বিশ্রাম-বিনোদন ও অবকাশের অধিকার এবং সামাজিক নিরাপত্তা লাভের নিশ্চয়তা। সংবিধানের ১৯ অনুচ্ছেদে গ্রাম ও নগরের বৈষম্য ক্রমাগতভাবে দূর করা এবং প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। ২০১৮ সনের জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী বাংলাদেশ আওয়ামী লীগ "সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ" শীর্ষক যে নির্বাচনী ইশতেহার ঘোষণা করে তাতে গ্রামাঞ্চলে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের মাধ্যমে সমৃদ্ধ পল্লী গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। এটি সংবিধানের ১৯ অনুচ্ছেদেরই প্রতিফলন। রাষ্ট্রের সংবিধান, দেশীয় ও আন্তর্জাতিক এজেন্ডা বাস্তবায়ন, সরকারের ইশতেহারে ঘোষিত এবং উন্নয়ন লক্ষ্যের সাথে সংগতি রেখে পিডিবিএফ প্রাতিষ্ঠানিক কর্মকৌশল গ্রহণ করেছে।

২০২১ সনে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে নিম্ন মধ্য আয়ের দেশ পেরিয়ে উচ্চ মধ্যম আয়ের দেশে উত্তরণের প্রয়াস, ২০৩০ সনে টেকসই উন্নয়নে অভিযাত্রা এবং ২০৪১ সনে উন্নত দেশ হিসেবে বিশ্ব সভায় উত্তরণ আমাদেরকে প্রত্যাশায় উদ্দীপ্ত করে। বাংলাদেশ স্বাধীনতার শতবর্ষ পূর্তির বছর ২০৭১ সনে সমৃদ্ধির সর্বোচ্চ শিখরে আরোহন করবে এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ অনুযায়ী দেমের নাজুক এলাকাসমূহ যেমন: উপকূলীয় অঞ্চল, হাওর এবং আকস্মিক বন্যাপ্রবণ এলাকা, পার্বত্য অঞ্চল এবং বিপন্ন নগর এলাকার প্রতি বিশেষ দৃষ্টি নিবদ্ধ রেখে এদেশকে এক নিরাপদ ব-দ্বীপে পরিনত করবে, এ অভিপ্রায় ঘোষিত হয়েছে। ইত্যবসরে দ্বিতীয় পরিপ্রেক্ষিত (২০২১-২০৪১) ও ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণিত হয়েছে। এছাড়াও বর্তমান নভেল করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে দারিদ্র্য বিমোচনের কাঙ্খিত লক্ষ্য অর্জনের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন অধিকতর গুরুত্ব বহন করে। এ কৌশলপত্রের উদ্দেশ্য হলো সরকারের বিভিন্ন মেয়াদের পরিকল্পনা দলিল ও নির্বাচনী ইশতেহারের আলোকে প্রতিষ্ঠানের রুপকল্প, অভিলক্ষ্যকে বিবেচনায় রেখে ভবিষ্যত কর্মপন্থা নির্ধারণ করা। পিডিবিএফ তার কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে প্রতিষ্ঠানটির ক্রমধারা পর্যালোচনা এবং সামর্থ্য, দৌর্বল্য, সম্ভাবনা ও শংকার বিশ্লেষণ (SWOT: Strength, Weakness, Opportunities and Threats Analysis)- এর মাধ্যমে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে যাচ্ছে। এ লক্ষ্যে পিডিবিএফ আইনগত, প্রাতিষ্ঠানিক ও কর্মসূচিগত পরিবর্তন (Legal, Institutional, Procedural and Programmatic Chances) সহযোগে একটি কৌশলগত নীতিপত্র (Strategic Policy Paper) প্রণয়ন করেছে। এ নীতিপত্রের আকারে পিডিবিএফ’র ভবিষ্যত কার্যক্রমের রুপরেখা বা পথ নকশা (Road Map) উপস্থাপিত হলো।

সমন্বিত পল্লী উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)-এর একটি প্রায়োগিক প্রয়াস থেকে যেমন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সৃষ্টি, তেমনি বিত্তহীনদের জন্য গৃহীত প্রচেষ্টা থেকে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের অভ্যুদয়। পিডিবিএফ উৎসের উৎসমূল থেকে প্রেরণা গ্রহণ করে নিজস্ব উদ্যোগকে প্রাণিত করবে, ভবিষ্যতের পথরেখায় সেই প্রত্যাশাই রূপায়িত হবে। স্বাধীনতার সুবর্ণ তিথিতে, বঙ্গবন্ধুর জন্ম শতবর্ষে এই হউক আমাদের প্রত্যয়।

সূচী

- পটভূমি
- লক্ষ্য ও উদ্দেশ্য
- বোর্ড অব গভর্নর্স
- কর্ম এলাকা
- কার্যক্রমের বিস্তৃতি
- নিয়োজিত জনবল
- অর্গানোগ্রাম
- ঋণ কার্যক্রম
- সঞ্চয় কার্যক্রম
- কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচি
- বহুমাত্রিক প্রশিক্ষণ কার্যক্রম: আয় উৎসারী, সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ
- প্রায়োগিক গবেষণা: নবতর উদ্যোগ লক্ষ্য ও উদ্দেশ্য
- গবেষণার প্রক্ষেপণ
- আর্থিক পরিসংখ্যান
- সরকারের উন্নয়ন অভিযাত্রায় সহযাত্রী: প্রকল্প ও কর্মসূচি
- এপিএ: কর্ম সাফল্য
- স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা
- A SWOT Analysis of PDBF সঞ্চয় কার্যক্রম
- ভবিষ্যৎ কর্মকৌশল
- ইতিলেখ

০১. পটভূমি

- স্বাধীনতার পর বঙ্গবন্ধু একের পর এক পল্লী প্রতিষ্ঠান সৃজনের মাধ্যমে সুপ্ত গ্রাম বাংলাকে জাগিয়ে তোলার জন্য তাঁর প্রাণমন যুক্ত করেন।
- এভাবে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচির সফল বাস্তবায়নের ক্রমধারায় অভ্যুদয় ঘটে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর। বিআরডিবি'র সফল প্রয়াস থেকে জন্ম হয় এক অনন্য সংস্থার।
- স্বাতন্ত্র্যসূচক এ সংস্থার নাম: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)। এ সংস্থার রূপকল্পঃ *'পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন'*।
- বিগত দু'দশকে পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের ভাগ্য পরিবর্তনের লক্ষ্যে পিডিবিএফ-এর অর্জন বৈশিষ্ট্য-চিহ্নিত।

- পিডিবিএফ-এর কার্যক্রমে রয়েছে বহুমাত্রিকতা:
  - সংহতি দলের মাধ্যমে সামাজিক বিনির্মাণ (social construction)
  - নারী ও পুরুষের মধ্যে সমতা বিধান, গ্রামীণ জনগণের ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আয় বৃদ্ধি, এবং
  - সঞ্চয় আহরণ ও নব সম্পদ সৃজনে এক নতুন মাত্রা যুক্ত করেছে।
- পিডিবিএফ ক্রমে ক্রমে পল্লী উন্নয়নের ক্ষেত্রে একটি অগ্রগণ্য প্রতিষ্ঠান হিসেবে আবির্ভূত হয়েছে।

পিডিবিএফ-এর কয়েকজন সুফলভোগী সদস্যের আয় উৎসারী কর্মকাণ্ড

- বিত্তহীনদের জন্য প্রতিষ্ঠিত এ সংস্থাটির অভিলক্ষ্য ক্রমশঃ ব্যাপকতা পেয়েছে:

  - পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর বহুমাত্রিক উন্নয়ন,
  - দারিদ্র্য বিমোচন,
  - বিমূর্ত ও শাব্দিক অর্থে পল্লীর বিপন্ন জনপদ আলোকিতকরণ, এবং
  - পল্লীর নারী সমাজের নবজাগৃতি।

- পিডিবিএফ-এর কর্মযোগঃ

"সবার নিচে, সবার পিছে, সব হারাদের মাঝে"

পিডিবিএফ-এর কয়েকজন সুফলভোগী সদস্যের আয় উৎসারী কর্মকান্ড

- পল্লীর জনগণের দারিদ্র্য মোচন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে আইডিএ, ওডিএ, কানাডীয় সিডা ও ইউএনডিপি, বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ১৯৮৪ সালে পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচী (আরপিপি/আরডি-২) গ্রহণ করে।
- আরপিপি'র সফল বাস্তবায়নের পর কানাডীয় সিডার একক আর্থিক ও কারিগরি সহায়তায় ১৯৮৮ সাল থেকে পল্লী উন্নয়ন প্রকল্প-১২ (আরডি-১২) এবং ১৯৯৬ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত পল্লী বিত্তহীন কর্মসূচি (আরবিপি/আরবিআইপি) সফলভাবে বাস্তবায়িত হয়।

- প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তাঁর মানবিক প্রয়াসের অনুষঙ্গ হিসেবে ১৯৯৯ সালের ০৭ নভেম্বর মহান জাতীয় সংসদের ২৩ নং আইনের মাধ্যমে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা সৃজন করেন। গত ০৯ জুলাই, ২০০০ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রদত্ত অভিভাষণের মাধ্যমে তিনি পিডিবিএফ-এর কার্যক্রমের শুভ সূচনা ঘোষণা করেন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পিডিবিএফ-এর যুগপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করে দেশের বিরামহীন অগ্রযাত্রায় এক উজ্জ্বল স্মৃতি চিহ্ন যুক্ত করেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওসমানী স্মৃতি মিলনায়াতনে ০৯ জুলাই ২০০০
পিডিবিএফ-এর কার্যক্রম শুভ উদ্বোধন করেন

পিডিবিএফ-এর যুগপূর্তি অনুষ্ঠান : “এগিয়ে চলার এক যুগ”-এ প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিভাষণ, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ০৯ জুলাই ২০১২

০২. পিডিবিএফ এর লক্ষ্য ও উদ্দেশ্য

উদ্দেশ্য:

দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের আর্থ সামাজিক উন্নয়ন, বহুমাত্রিক প্রশিক্ষণের মাধ্যমে তাদের সক্ষমতা বৃদ্ধি, মূলধন সৃষ্টি, নবসম্পদ সৃজন, নারীর ক্ষমতায়নের মাধ্যমে নারী-পুরুষের সমঅধিকার নিশ্চিতকরণ।

লক্ষ্য:

- দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীকে নিয়ে মানব সংগঠন সৃজন;
- বিভিন্ন আয়-উৎসারি বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান;
- সংগঠিত জনগোষ্ঠীর নেতৃত্বের বিকাশ ঘটিয়ে সামাজিক অবস্থার উন্নয়ন সাধন;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন;

- সাপ্তাহিক ও মাসভিত্তিক সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং নিজস্ব সম্পদ সৃজনে সহায়তা করা;
- নবজীবিকা অন্বেষণে ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান;
- ঋণের টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করতে সদস্যদের সাথে যোগাযোগ অব্যাহত রাখা;
- নব উদ্যোক্তা উদ্দীপনের লক্ষ্যে ক্ষুদ্র-উদ্যোক্তা ও নারী-উদ্যোক্তা ঋণ কার্যক্রম বাস্তবায়ন;
- প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুৎ চাহিদা মেটানো এবং পরিবেশের বিরুপ প্রভাব মোকাবেলায় দরিদ্রদের মধ্যে অপেক্ষাকৃত কম মূল্যে সোলার হোম সিস্টেম বিতরণ; এবং
- সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপনের মাধ্যমে পল্লী জনপদ আলোকিতকরণ।

০৩. বোর্ড অব গভর্নর্স

চেয়ারপারসন	**জনাব মোঃ মশিউর রহমান** এনডিসি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সহ-সভাপতি	**জনাব সুপ্রিয় কুমার কুন্ডু**, মহাপরিচালক, বিআরডিবি
সদস্য	**জনাব এম শোয়েব চৌধুরী**, সম্পাদকমণ্ডলীর সভাপতি, দি এশিয়ান এইজ
সদস্য	**জনাব সাইফুল্লাহ পান্না,** যুগ্ম সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সদস্য	**জনাব বোরহান উদ্দিন আহমেদ,** সাবেক জেলা জজ
সদস্য	**জনাব মোঃ ওয়াহেদুন্নবী সরকার,** সাবেক যুগ্ম সচিব
সদস্য সচিব	**জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার** , ব্যবস্থাপনা পরিচালক , পিডিবিএফ (সরকারের সাবেক সচিব)

০৪. কর্ম এলাকা

ভৌগলিক বিস্তৃতি	
বিভাগ	৮
জেলা	৫৫
উপজেলা	৩৫৭

কার্যালয়	
প্রধান কার্যালয়	
আঞ্চলিক কার্যালয়	২৭
উপজেলা/শাখা কার্যালয়	৪০৩



০৫. পিডিবিএফ-এর কার্যক্রমের বিস্তৃতি

বিষয়	সংখ্যা
কর্মকর্তা-কর্মচারী	৪২৭৫
সমিতি	৩১৩৮৬
সদস্য	১১৫৬৩৫১
ক্ষুদ্র উদ্যোক্তা	৪৪৩২০
নারী উদ্যোক্তা	৩৯৮১৪
সদস্য প্রশিক্ষণ কার্যক্রম (ক্রমপুঞ্জিত)	৫৫৩৬২২
ইউপি নির্বাচনে নির্বাচিত সুফলভোগী	৮৪৫
কর্মী প্রশিক্ষণ	৬১৭৩১

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ভার্চুয়াল সভা

০৬. নিয়োজিত জনবল

ক্রম	গ্রেড	কর্মরত জনবলের সংখ্যা		কর্মরত মোট জনবলের সংখ্যা
		স্থায়ী জনবল	অস্থায়ী জনবল	
১	১ম-৯ম	৫২৮		৫২৮
২	১০ম	৪২৯		৪২৯
৩	১১ তম - ১৪ তম	২৩৬১		২৩৬১
৪	১৫ তম - ২০ তম	১২৮		১২৮
৫	চুক্তি ভিত্তিক		৪২৩	৪২৩
৬	দৈনিক ভিত্তিক		২৯৪	২৯৪
৭	সৌর শক্তি কর্মসূচী		১১২	১১২
মোট		৩৪৪৬	৮২৯	৪২৭৫

বোর্ড অব গভর্নর্স

ব্যবস্থাপনা পরিচালক

পরিচালক (প্রশাসন)

জনবল-১৬ জন

১. পরিচালক-০১ জন
২. যুগ্মপরিচালক-০১ জন
৩. উপপরিচালক-০৪ জন
৪. সিনিয়র সহকারী পরিচালক-০৩ জন
৫. সহকারী পরিচালক-০১ জন
৬. উপ সহকারী পরিচালক-০২ জন
৭. অফিস সহকারী-০১ জন
৮. বার্তাবাহক-০৩ জন

পরিচালক (অর্থ)

জনবল-১৫ জন

১. পরিচালক-০১ জন
২. যুগ্মপরিচালক-০১ জন
৩. উপপরিচালক-০৩ জন
৪. সিনিয়র সহকারী পরিচালক-০৩ জন
৫. সহকারী পরিচালক-০২ জন
৬. সহকারী হিসাব কর্মকর্তা-০২ জন
৭. বার্তাবাহক-০৩ জন

পরিচালক (মাঠ পরিচালন)

জনবল-১৭ জন

১ পরিচালক-০১ জন
২ অতিরিক্ত পরিচালক-০১ জন
৩ যুগ্মপরিচালক-০২ জন
৪ উপপরিচালক-০৬ জন
৫ সিনিয়র সহকারী পরিচালক-০৩ জন
৬ সহকারী পরিচালক-০২ জন
৭ অফিস সহকারী-০১ জন
৮ বার্তাবাহক-০১ জন

উপপরিচালক-এর কার্যালয়

জনবল-১৫ জন

১. উপপরিচালক-০১ জন
২. সিনিয়র সহকারী পরিচালক-০২ জন
৩. সহকারী পরিচালক হিসাব-০১ জন
৪. সহকারী প্রোগ্রামার-০১ জন
৫. উপ সহকারী পরিচালক-০১ জন
৬. আইটি অফিসার-০১ জন
৭. ডাটা এন্ট্রি অফিসার-০১ জন
৮. ডাটা এন্ট্রি অপারেটর-০২ জন
৯. ড্রাইভার-০১ জন
১০. বার্তাবাহক-০২ জন
১১. নাইট গার্ড-০২ জন

ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর

জনবল-০৪ জন

১. এক্সিকিউটিভ সেক্রেটারী-০১ জন
২. সহকারী প্রোগ্রামার-০১ জন
৩. বার্তাবাহক-০২ জন

পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

জনবল-৫ জন

১. পরিচালক-১ জন
২. উপপরিচালক-০১ জন
৩. সিনিয়র সহকারী পরিচালক-০১ জন
৪. সহকারী হিসাব কর্মকর্তা-০১ জন
৫. বার্তাবাহক-০১ জন

পরিচালক (পরিকল্পনা)

জনবল-৭ জন

১. পরিচালক-০১ জন
২. যুগ্মপরিচালক-০১ জন
৩. উপপরিচালক-০১ জন
৪. সহকারী পরিচালক-০১ জন
৫. উপ সহকারী পরিচালক-০১ জন
৬. অফিস সহকারী-০১ জন
৭. বার্তাবাহক-০১ জন

পরিধারণ ও মূল্যায়ন

জনবল-০৩ জন

১. যুগ্মপরিচালক-০১ জন
২. সহকারী পরিচালক-০১ জন
৩. বার্তাবাহক-০১ জন

যোগাযোগ

জনবল-০৪ জন

১. উপপরিচালক-০১ জন
২. সিনিয়র সহকারী পরিচালক-০২ জন
৩. সহকারী পরিচালক-০১ জন

তথ্য প্রযুক্তি

জনবল-০৮ জন

১. যুগ্মপরিচালক-০২ জন
২. সহকারী প্রোগ্রামার-০৪ জন
৩. ডাটা এন্ট্রি অফিসার-০১ জন
৪. বার্তাবাহক-০১ জন

অডিট

জনবল-০৮ জন

১. যুগ্মপরিচালক-০১ জন
২. উপপরিচালক-০৩ জন
৩. সিনিয়র সহকারী পরিচালক-০২ জন
৪. প্রশাসনিক কর্মকর্তা-০১ জন
৫. বার্তাবাহক-০১ জন

উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়

জনবল-১৫ জন

১. সিনিয়র/উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা-০১ জন
২. সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (ক্ষুদ্র ঋণ)-০১ জন
৩. সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সেলপ)-০১ জন
৪. সহকারী/হিসাব কর্মকর্তা-০১ জন
৫. সিনিয়র/মাঠ কর্মকর্তা/মাঠ সংগঠক-১০ জন
৬. বার্তাবাহক-০১ জন

আঞ্চলিক অডিট টীম

জনবল-০৫ জন

১. উপপরিচালক-০১ জন
২. সিনিয়র সহকারী পরিচালক-০১ জন
৩. সহকারী পরিচালক-০১ জন
৪. উপ সহকারী পরিচালক-০১ জন
৫. বার্তাবাহক-০১ জন

ক্রয় ও সহায়ক সেবা

জনবল-২৯ জন

১. যুগ্মপরিচালক-০১ জন
২. উপপরিচালক-০১ জন
৩. সিনিয়র সহকারী পরিচালক-০১ জন
৪. উপ সহকারী পরিচালক-০১ জন
৫. প্রশাসনিক কর্মকর্তা-০৫ জন
৬. টেলিফোন অপারেটর-০১ জন
৭. ড্রাইভার-১২ জন
৮. ইলেক্ট্রিশিয়ান-০২ জন
৯. বার্তাবাহক-০২ জন
১০. ঝাড়ুদার-০৩ জন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কার্যালয়ের সংখ্যা

১. প্রধান কার্যালয়-০১ টি
২. উপপরিচালক-এর কার্যালয়-২৭ টি
৩. উপজেলা /শাখা কার্যালয়-৪০৩ টি

০৭. ঋণ কার্যক্রম

(কোটি টাকায়)

বিবরণ	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২ (লক্ষ্যমাত্রা)	প্রাক্কলিত প্রবৃদ্ধি*
ঋণ বিতরণ				
ক্ষুদ্র ঋণ	১০১৬	১০৬১	১২২০	১৪.৯%
নারী উদোক্তা ঋণ	২৩১	২৬৩	২৮০	৬.৫%
ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ	৫১৭	৫৪৬	৬৬০	২০.৮৮%
মোট:	১৭৬৪	১৮৭০	২১৬০	১৫.৫১%
ঋণ আদায়				
ক্ষুদ্র ঋণ	১১০৫	১১৩৫	১৩৬০	১৯.৮%
নারী উদোক্তা ঋণ	১৬০	২৬১	৩৪০	৩০.৩%
ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ	৫৫৯	৬১২	৮০০	৩০.৭%
মোট:	১৮২৪	২০০৮	২৫০০	২৪.৫%

* কোভিড-পূর্ব গতি-প্রকৃতির বিশ্লেষণের ভিত্তিতে।

০৮. ঋণ কার্যক্রমঃ তুলনামূলক বিশ্লেষণ





* কোভিড-১৯ মহামারিজনিত কারণে ঋণ বিতরণ ও ঋণ আদায় চ্যালেঞ্জের সম্মুখীন।

০৯. সঞ্চয় কার্যক্রম

- পিডিবিএফ-এর সঞ্চয় কার্যক্রম বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর পুঁজি গঠনে এক অনন্য মাইলফলক স্থাপন করেছে।
- বিভিন্ন ধরনের সঞ্চয় কার্যক্রমের মাধ্যমে পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যগণ প্রায় ১১৮২ কোটি টাকার নিজস্ব সঞ্চয় তহবিল গড়ে তুলেছে।
- সঞ্চয়ের পরিমাণ পল্লী উন্নয়ন ও সমাবায় বিভাগের অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে পিডিবিএফ-এর অবস্থান সর্বশীর্ষে।

(কোটি টাকায়)

বিবরণ	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২ (লক্ষ্যমাত্রা)
সাধারন সঞ্চয়	৩৬৪	৪০০	৪২০
সোনালী সঞ্চয়	২৮০	২৭৫	২৮০
মেয়াদী সঞ্চয়	১৩৭	১৭০	১৫০
লাখ টাকা সঞ্চয়	১৩৪	১৭৯	১৯০
নবজাতক সঞ্চয়	৮১	৮৪	১০০
প্রদেয় সুদ	৬৬	৭৪	৭০
মোট:	১০২৬	১১৮২	১২১০

১০. সঞ্চয় কার্যক্রম

(কোটি টাকায়)

পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যগণ তাদের ক্ষুদ্র সঞ্চয়কে পুঁজি হিসেবে ব্যবহার করে নিজস্ব সঞ্চয়ের পরিকাঠামো সংহতকরণ ও নবসম্পদ সৃজনের মাধ্যমে ‘দারিদ্র্যের দুষ্ট চক্র’ থেকে বেরিয়ে এসে টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের বলয়ে অন্তর্ভুক্ত হচ্ছে।



১১. কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচি

- সম্প্রতি সরকার কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় পিডিবিএফ-এর অনুকূলে সানুগ্রহে ৩০০ কোটি টাকা অনুদান বরাদ্দ প্রদান করেছেন। চলতি অর্থবছরে ইতোমধ্যেই ১০০ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে।
- কোভিডজনিত সংকটকালে গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবনের জন্য সরকার ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পকে লক্ষ্য করে ঋণ কর্মসূচি সম্প্রসারণের জন্য এ অর্থ বরাদ্দ করেছেন।
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য গত ১৭ জুন ২০২১তারিখে জাতির পিতার জন্মস্থান টুঙ্গীপাড়া, মাননীয় প্রতিমন্ত্রীর নির্বাচনী এলাকা মনিরামপুর এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তৎকালীন সচিবের নিজ এলাকা মিঠাপুকুরের সাথে ভার্চুয়াল মাধ্যমে যুক্ত হয়ে এ ঋণদান কর্মসূচি উদ্বোধন করেন।
- উদ্বোধনের পর থেকে কোভিড প্রণোদনা ঋণ কর্মসূচির আওতায় এযাবৎ ৫৪ কোটি ৬০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে।
- এভাবে বৃহত্তর লক্ষ্য অর্জনের প্রয়াসের পাশাপাশি ক্রান্তিকালে সংবেদনশীল কার্যক্রমের সাথেও পিডিবিএফ নিবিড়ভাবে সম্পৃক্ত রয়েছে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য ১৭ জুন, ২০২১ তারিখে পিডিবিএফ-এর কোভিড প্রণোদনা ঋণ কর্মসূচির শূভ উদ্বোধন করেন

বিভিন্ন উপজেলায় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ পিডিবিএফ-এর কোভিড প্রণোদনা ঋণ বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন

পিডিবিএফ-এর কোভিড প্রণোদনা ঋণের বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে

১২. বহুমাত্রিক প্রশিক্ষণ কার্যক্রম: আয় উৎসারী, সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ

- পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্মকর্তা/ কর্মচারী এবং উপকারভোগীদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তুলতে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে।
- দরিদ্র জনগোষ্ঠীর আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ প্রদানের পাশাপাশি উপকারভোগী সদস্যদের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন, আয় উৎসারি বিভিন্ন কর্মকাণ্ডের উপর দক্ষতা উন্নয়ন ও প্যারাটেক প্রশিক্ষণ প্রদান করে থাকে।
- এই প্রশিক্ষণের ফলে উপকারভোগীগণ দক্ষ মানব সম্পদে রুপান্তরিত হচ্ছে এবং ঋণের টাকা সঠিক খাতে ব্যবহারের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার সুযোগ পাচ্ছে।
- ***বিগত ২১ বছরে পিডিবিএফ ৫.১৫ লক্ষ উপকারভোগীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেছে।***

করোনাকালীন সময়ে পিডিবিএফ-এর সমিতি পর্যায়ে প্রশিক্ষণ ফোরাম

১৩. প্রায়োগিক গবেষণা: নবতর উদ্যোগ

- পিডিবিএফ সম্প্রতি “**গবেষণা ও উন্নয়ন**” নামে একটি নতুন বিভাগ গঠনের মাধ্যমে মাঠ সমীক্ষা ও সারথি প্রকল্পসহ বিভিন্নমুখী কার্যক্রম সূচনার উদ্যোগ নিয়েছে।

- পিডিবিএফ গত ফেব্রুয়ারী-মার্চ, ২০২১ সময়কালে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর সাথে যৌথভাবে “**বিপন্ন হাওর: উন্নয়ন অন্বেষা**” শীর্ষক একটি সরেজমিন গবেষণা পরিচালনা করে।

- পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার-এর নেতৃত্বে বার্ড ও পিডিবিএফ-এর গবেষণা দল কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও সিলেট জেলায় সমীক্ষা পরিচালনা করে এ গবেষণার ফলাফল চূড়ান্ত করা হয়েছে।

সিলেটের তৎকালীন বিভাগীয় কমিশনার (বর্তমান সচিব , পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) জনাব মোঃ মশিউর রহমান এনডিসি মহোদয়ের সভাপতিত্বে বার্ড-পিডিবিএফ গবেষণা দলের মতবিনিময় সভা

বিশ্বম্ভরপুর উপজেলা প্রশাসন ও বার্ড-পিডিবিএফ গবেষণা দলের মতবিনিময় সভা

সুনামগঞ্জ জেলা প্রশাসন ও বার্ড-পিডিবিএফ গবেষণা দলের মতবিনিময় সভা

কিশোরগঞ্জ জেলা প্রশাসন ও বার্ড-পিডিবিএফ গবেষণা দলের মতবিনিময় সভা

কিশোরগঞ্জে জিরাতিদের মাঝে বার্ড-পিডিবিএফ গবেষণা দল

১৪. গবেষণার প্রক্ষেপণ

- পিডিবিএফ এ গবেষণার ফলাফলের নিরিখে দারিদ্র্যের মানচিত্র (Poverty Mapping) এবং দারিদ্র্যের প্রকৃতি ও পর্যায় নিরূপণের (Poverty Tracking) মাধ্যমে বিশেষ ভৌগলিক এলাকা হিসেবে হাওর অঞ্চলে বিরাজমান ভিন্নতর আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষিতে বিশেষ কর্মসূচি গ্রহণ করবে।

- আগামীতে পিডিবিএফ বরেন্দ্র, চলনবিল, চরাঞ্চল, দ্বীপাঞ্চল, উপকূলীয় অঞ্চল এবং পার্বত্য অঞ্চলের জন্য স্থানীয় জনগনের সক্রিয় অংশ গ্রহণে ও সম্পৃক্তির মাধ্যমে স্থানীয় চাহিদা নিরূপণ করে এলাকাভিত্তিক বিশেষ উন্নয়ন কর্মসূচি গ্রহণ করবে।

১৫. আর্থিক পরিসংখ্যান

(কোটি টাকায়)

দায় ও পরিসম্পদ				
বিবরণ	এপ্রিল, ২০০০	জুন, ২০২০	জুন, ২০২১	মন্তব্য
প্রতিষ্ঠাকালে প্রাপ্ত সিড ক্যাপিটাল	৭০.৫৩	১৯৬.০৬	১৯৬.০৬	তহবিল
সদস্য সঞ্চয় আমানত	৩৮.৫৬	১০২৫.৫২	১১৮১.৪৪	
অভ্যন্তরীণ উৎস ও ব্যাংক থেকে ঋণ	১.৬৩	১২১.৫২	-	
বিভিন্ন তহবিল ও প্রদেয়	১৭.৬৮	২০৪.১১	২৩৯.২৫	
ক্যাশ ও ব্যাংক	৩০.৮৭	১০৩.০৩	৬৬.৯৭	সম্পদ
মাঠে পাওনা ঋণ (আসল)	৬৪.৫৩	১৩২১.০৩	১৪১১.১৯	
প্ল্যান্ট, ইকুইপমেন্ট ইত্যাদি	০.৬৩	৩৫.১০	৩৫.৩৬	
স্থায়ী আমানত	৫১.১০	১০৬.৮৭	৯৪.৩২	

(কোটি টাকায়)

আয়-ব্যয়

বিবরণ	পিডিবিএফ-এর শুরুতে (জুন ২০০০)	জুন, ২০২০ পর্যন্ত	জুন, ২০২১ পর্যন্ত	মন্তব্য
বাৎসরিক আয়ের পরিমাণ	২.৯৩	২২৭.১৪	২৫৮.৪২	আয়-ব্যয়
বাৎসরিক ব্যয়ের পরিমাণ	৪.১৮	২৫২.৭৪	২৭২.৭৪	
স্বয়ম্ভরতা (%)	৭০%	৯০%	৯৫%	
আয়-ব্যয়ের উদ্বৃত্ত/ (ঘাটতি) বার্ষিক	১.২৫	২৫.৬০	১৪.৩২	
ক্রমপুঞ্জিত উদ্বৃত্ত/ (ঘাটতি)	২৭.৭৬	৭৮.৩৩	৬৪.০০	
সরকারী নিরীক্ষায় উত্থাপিত আপত্তি	-	২৫৭ টি	২৫৭ টি	অন্যান্য
কর্মী বেনিফিট (সিপিএফ, গ্রাচুইটি, মটরসাইকেল ও কল্যাণ) তহবিলের স্থায়ী আমানত ও সঞ্চয়পত্র ক্রয়		৪৫২.৭৭	৪৯৫.৮৩	
প্রধানমন্ত্রীর প্রণোদনা তহবিল হতে প্রাপ্ত	-	-	১০০	

(কোটি টাকায়)

পিডিবিএফ-এর তহবিলের উৎস ও স্থিতি

তহবিলের উৎস (প্রতিষ্ঠাকাল থেকে জুন ২০২১ পর্যন্ত)			
০১	প্রতিষ্ঠাকালীন প্রাপ্ত মূলধন	৭০.৫৩	৫%
০২	প্রকল্প হতে প্রাপ্ত মূলধন	১২৫.৫৩	৯%
০৩	কোভিড প্রণোদনা হতে প্রাপ্ত মূলধন	১০০	৭%
০৪	সদস্যদের নিকট হতে আহরিত সঞ্চয়	১১৮১.৪৪	৭৯%
	মোট	**১৪৭৮.০৬**	**১০০%**
তহবিল স্থিতি (জুন ২০২১ পর্যন্ত)			
০১	ব্যাংক ও নগদ স্থিতি	৬৬.৯৭	
০২	মেয়াদী আমানত	৯৪.৩২	
০৩	মাঠে বিতরণকৃত ঋণের স্থিতি (সেবামূল্যসহ)	১৬০৩.৭০	
	মোট	**১৭৬৪.৯৯**	

(কোটি টাকায়)

বাজেট, আয়-ব্যয় ও স্বয়ম্ভরতার তথ্য: প্রতিষ্ঠাকাল থেকে চলতি অর্থ বছর পর্যন্ত

অর্থ বছর	আয়	ব্যয়	স্বয়ম্ভরতা
২০২১-২২	২৯৬.২৮	২৮৯.৬৪	১০২%
২০২০-২১	২৫৮.৪২	২৭২.৭৪	৯৫%
২০১৯-২০	২২৭.১৫	২৫২.৭৪	৯০%
২০১৮-১৯	২৫৮.৬৫	২৫২.৮৫	১০২%
২০১৭-১৮	১৯৭.১৬	১৯৬.৫০	১০০%
২০১৬-১৭	১৬৬.২২	১৮৯.০৯	৮৮%
২০১৫-১৬	১৪১.৭৬	১৪১.২৬	১০০%
২০১৪-১৫	১২১.৬৪	১১৯.৪১	১০২%
২০১৩-১৪	১১১.০২	১০৫.৫৮	১০৫%
২০১২-১৩	৯৮.১৪	৮৮.৮২	১১০%

অর্থ বছর	আয়	ব্যয়	স্বয়ম্ভরতা
২০১১-১২	৮৬.০৯	৭৭.৪৮	১১১%
২০১০-১১	৭২.০০	৭১.২২	১০১%
২০০৯-১০	৬৫.৭৩	৭১.৯০	৯১%
২০০৮-০৯	৬৪.৫৪	৬৬.১৮	৯৮%
২০০৭-০৮	৫০.৫৩	৬০.৪৮	৮৪%
২০০৬-০৭	৪৬.৮৯	৬২.১০	৭৬%
২০০৫-০৬	৩৯.৪৫	৪৯.৪৮	৮০%
২০০৪-০৫	৩০.৮১	৩৭.৮১	৮১%
২০০৩-০৪	২৭.৩২	৩৩.২৩	৮২%
২০০২-০৩	২২.৪৩	৩২.৮৬	৬৮%
২০০১-০২	১৫.৯১	২৯.৪০	৫৪%
২০০০-০১	১৪.১২	২৪.৫৫	০%

আয়-ব্যয়ের রেখাচিত্র: প্রতিষ্ঠাকাল থেকে চলতি অর্থ বছর পর্যন্ত



১৬. সরকারের উন্নয়ন অভিযাত্রায় সহযাত্রী: চলমান উন্নয়ন প্রকল্পসমূহ

ক্রম	প্রকল্পের নাম	প্রক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	তহবিল	সময়কাল
০১	আলোকিত পল্লী সড়কবাতি প্রকল্প।	৪৮৪৬.৯১	এডিপি	জুলাই ২০১৯- জুন ২০২২
০২	জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য চিরিরবন্দর ও খানসামা উপজেলা এলাকার গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমূহে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন প্রকল্প।	৪০০.০০	বিসিসিটি	জুলাই ২০১৮- ডিসেম্বর ২০২১
০৩	‘‘জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলার জন্য কুমারখালী ও খোকসা উপজেলা এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্প।	৯৯.৮৭১৮	বিসিসিটি	জুলাই ২০১৮- জুন ২০২২
০৪	গ্রীন হাউজ গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মৌলভীবাজার জেলার অন্তর্গত জুড়ী ও বড়লেখা উপজেলায় কার্বন নির্গমণ হ্রাস ও পরিবেশ উন্নয়ন প্রকল্প।	৫০০.০০	বিসিসিটি	অক্টোবর ২০২০- জুন ২০২২
০৫	‘‘জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থানে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন’’ শীর্ষক প্রকল্প।	২৫০.০০	বিসিসিটি	জুলাই ২০১৯ – ডিসেম্বর ২০২২
০৬	“গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মিঠাপুকুর উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্প।	১০০.০০	বিসিসিটি	জুলাই ২০২০ – জুন ২০২৩
০৭	“গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুঙ্গিপাড়া এবং কোটালীপাড়া এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্প।	২০০.০০	বিসিসিটি	জুলাই ২০২০ – জুন ২০২৩

১৭. বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহ

ক্রম	প্রকল্পের নাম	বাস্তবায়ন তথ্য
০১	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর আইসিটি কার্যক্রম ও ই-সেবা শক্তিশালীকরণ প্রকল্প।	প্রকল্পটি মোট ১৮.৮০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৪ থেকে মার্চ, ২০১৭ মেয়াদে বাস্তবায়ন হয়। প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৯৫.৮৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।
০২	দারিদ্র্য দূরীকরণ ও আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প।	প্রকল্পটি মোট ৩৩৪.২৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়ন হয়। প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৯৯.৯৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।
০৩	প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকদের শস্য সংগ্রহ পরবর্তী সহযোগিতার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ (প্রথম সংশোধিত) প্রকল্প।	প্রকল্পটি মোট ৭০০৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৬ হতে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৯৪.৪৯% এবং বাস্তব অগ্রগতি ৯০.৯১%।
০৪	হাজামজা/পতিত পুকুর পুনঃখননের মাধ্যমে সংগঠিত জনগোষ্ঠীর পাট পঁচানো পরবর্তী মাছ চাষের মাধ্যমে দারিদ্র্য বিমোচন শীর্ষক প্রকল্প।	প্রকল্পটি মোট ৩৯৬৭.৪৬ লক্ষ (জিওবি: ৩৪০৭.৪৬; পিডিবিএফ নিজস্ব: ৫৬০.০০) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৫৫.৩৬% এবং বাস্তব অগ্রগতি ৭৮.১৪%।
০৫	বাংলাদেশের বিদ্যুৎবিহীন প্রত্যন্ত এবং চর এলাকায় সৌর শক্তির উন্নয়ন শীর্ষক প্রকল্প।	প্রকল্পটি ৩৩০৮.৪২ লক্ষ (জিওবি: ২৬৭৩.২৮; সুফলভোগী কন্ট্রিবিউশন: ৬৩৫.১৪) টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৮ থেকে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৭৯.০১% এবং বাস্তব অগ্রগতি ৮১.২২%।

১৮. প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ

ক্রম	প্রকল্পের নাম	বর্ণনা	বর্তমান অবস্থা
০১	“দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প।	প্রকল্পটি মোট ৫৫১৫৬.৭৯ লক্ষ (জিওবি অনুদান: ৪১৩৬৬.৮৯; পিডিবিএফ নিজস্ব অনুদান: ১৩৭৮৯.৯০) টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাব করা হয়েছে।	প্রস্তাবিত প্রকল্পটি গত ১১ আগষ্ট, ২০২১ তারিখ পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান যা সম্পন্ন করে একনেক সভায় উপস্থাপন ও অনুমোদনের জন্য দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০২	ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে পরিবার উন্নয়ন প্রকল্প।	প্রকল্পটি মোট ৭৪২৬৬.৭৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই-২০১৯ থেকে জুন-২০২৩ মেয়াদে বাস্ববায়নের প্রস্তাব করা হয়েছে।	অর্থ মন্ত্রণালয় কর্তৃক জনবল অনুমোদিত হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ২০ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
০৩	স্ব-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ প্রকল্প।	প্রকল্পটি ৩৬৮৬১.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২০ থেকে ৩০ জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে।	০৮ জুন ২০২০ তারিখ ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

“দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প - ২য় পর্যায়” শীর্ষক প্রকল্প সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাবলী

উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাস্তবায়নকারী সংস্থা	:	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
প্রকল্পের বাস্তবায়নকাল	:	ক) শুরুর তারিখ : ০১ জানুয়ারি ২০২২ খ) সমাপ্তির তারিখ : ৩১ ডিসেম্বর ২০২৪
প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	ক) মোট : ৫৩৮৮৪.৬৪ খ) জিওবি অনুদান : ৪০৪১৩.৪৮ (৭৫%) গ) নিজস্ব তহবিল : ১৩৪৭১.১৬ (২৫%)

প্রকল্পের মূল উদ্দেশ্য: ২০২৪ সালের মধ্যে বাংলাদেশের ০৬টি বিভাগের ২৫টি জেলার ১৩৫টি উপজেলার ১,৭০,২৮০ জন গ্রামীণ দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন করা।

প্রকল্পের মূল কার্যক্রম :

- ১০টি আঞ্চলিক কার্যালয় স্থাপন;
- ১৩৫টি উপজেলা কার্যালয় স্থাপন;
- ৬,৩৩৬টি গ্রাম সংগঠন সৃজন;
- ৪৫,৫০০ জন উপকারভোগীকে প্রশিক্ষণ প্রদান;
- ৯৩৬ জন কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি;
- ১,৫৮,৪০০ জন নারী উপকারভোগী সদস্যকে ক্ষুদ্র ঋণ প্রদান;
- ১১,৮৮০ জন উদ্যোক্তাকে ঋণ প্রদান;
- উপকারভোগী সদস্যদের ৫১৮১.০০ লক্ষ টাকা নিজস্ব মূলধন সৃষ্টি;
- প্রায় ৬.৮১ লক্ষ জনগোষ্ঠির কর্মসৃজনের মাধ্যমে জীবনমান উন্নয়ন ইত্যাদি।

প্রস্তাবিত প্রকল্পের বর্তমান অবস্থা: ১১ আগষ্ট, ২০২১খ্রি: তারিখে পিইসি সভায় প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে যা সম্পন্ন করে একনেক সভায় উপস্থাপন ও অনুমোদনের জন্য দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে **সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মহোদয়ের প্রয়োজনীয় সহযোগিতা একান্তভাবে কাম্য।**

১৯. এপিএ: কর্ম সাফল্য

- ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ)-তে পিডিবিএফ সকল কর্মসূচকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অগ্রগতি অর্জনে সক্ষম হয়েছে, যা যথাযথ প্রমাণক সহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।

- প্রেরিত প্রতিবেদনে সদস্য অন্তর্ভুক্তি,ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় প্রবৃদ্ধি, আত্ম কর্মসংস্থান সৃজন, প্রশিক্ষণ , ইত্যাদি ক্ষেত্রে অগ্রগতির তথ্যাদি উপস্থাপিত হয়েছে।

সূচক	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জন
সুফলভোগীর সংখ্যা	১.২৬	১.৩০	১০৩%
অনানুষ্ঠানিক সমিতির সংখ্যা	৭০০	৭০৩	১০০%
ঋণ বিতরণ (কোটি)	১০৮০	১২০২.৫৫	১১১%
ঋণ আদায় (কোটি)	১১২৫	১১৯৮.৪৬	১০৭%
বার্ষিক ঋণ আদায়ের হার	৯৭%	৯৮%	১০১%
ঋণ গ্রহীতা	৩.০৫	৩.২০	১০২%
আত্ম-কর্মসংস্থানের আওতায় সুফলভোগীর সংখ্যা	৩.৭৮	৩.৯২	১০৪%
আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ মহিলাদের সংখ্যা	১.২০	১.৩৫	১১২%
ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন (কোটি)	২৪	৩০.২৬	১২৬%
আয় উৎসারী কর্মকান্ডে প্রশিক্ষন প্রদান (লক্ষ)	০.০৪	০.৬১	১৫৪%
সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ (লক্ষ)	০.১	০.১৩৫	১৩৫%

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ-এর মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান; ২০ জুন, ২০২১

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

পিডিবিএফ প্রধান কার্যালয়ে সদ্য উন্মোচিত জাতির পিতার প্রতিকৃতি।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৬ ডিসেম্বর ২০২০, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক এর পুষ্পস্তবক অর্পণ।

১০ জানুয়ারি ২০২১ তারিখ "বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস" উপলক্ষে পিডিবিএফ প্রধান কার্যালয়ে আলোচনা সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২১ ফেব্রুয়ারি ২০২১, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহিদদের প্রতি পিডিবিএফ পরিবারের পক্ষ থেকে কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদন।

১৭ মার্চ ২০২১, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পিডিবিএফ প্রধান কার্যালয় আলোচনা সভা ও দোয়া মাহফিল ।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৬ মার্চ ২০২১, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) প্রধান কার্যালয়ে আলোচনা সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৭ জুন ২০২১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর তত্ত্বাবধানে কোভিড-১৯ প্রাদুর্ভাবজনিত কারনে ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাদের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ৩০০ কোটি টাকা প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ কর্মসূচীর শুভ উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য, এম.পি।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৭ জুন ২০২১, পিডিবিএফ বোর্ড অব গভর্নরর্সের ৮৪তম সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

৪ সেপ্টেম্বর ২০২১, পিডিবিএফ বোর্ড অব গভর্নরর্সের বিদায়ী ও নবাগত চেয়ারপারসন মহোদয়গণের বিদায়ী ও শুভাগমন উপলক্ষ্যে সংবর্ধনা সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা



২৮ সেপ্টেম্বর ২০২১, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উদযাপন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৮ অক্টোবর২০২১ , পিডিবিএফ এর প্রধান কার্যালয়ে তারিখে শেখ রাসেলের শুভ জন্মদিন উদযাপন।

২৭ নভেম্বর ২০২১, নরসিংদী অঞ্চলে আইসিটি ল্যাব পুনঃসচলীকরণ ও বেসিক কম্পিউটার প্রশিক্ষনের শুভ উদ্বোধন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১১ ডিসেম্বর ২০২১, পিডিবিএফ ঢাকা অঞ্চলের উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাদের সম্মেলন ।

১৬ ডিসেম্বর ২০২১, মহান বিজয় দিবস উপলক্ষে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) প্রধান কার্যালয়ে আলোচনা সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৬ ডিসেম্বর ২০২১, পিডিবিএফ ঢাকা অঞ্চলের উপ-পরিচালকের কার্যালয়ে 'পল্লী রঙ'-এর পুনঃ সূচনা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৮ ডিসেম্বর ২০২১, নরসিংদীর আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটে পিডিবিএফ-এর সুফলভোগী সম্মিলন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৩ ডিসেম্বর ২০২১, পিডিবিএফ প্রধান কার্যালয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৭ ডিসেম্বর ২০২১, পিডিবিএফ প্রধান কার্যালয়ে APMS সফটওয়্যারের উপর প্রশিক্ষণ কর্মশালা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৯ ডিসেম্বর ২০২১, পিডিবিএফ বোর্ড অব গভর্নরর্সের ৮৫তম সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১০ জানুয়ারি ২০২২, পিডিবিএফ প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন।

২২ জানুয়ারি ২০২২, পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর –এ পিডিবিএফ-এর সুফলভোগী সম্মিলন ।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা



৬ ফেব্রুয়ারি ২০২২, পিডিবিএফ প্রধান কার্যালয়ে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২১ ফেব্রুয়ারি ২০২২, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহিদদের প্রতি পিডিবিএফ পরিবারের পক্ষ থেকে বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসা।

২৬ ফেব্রুয়ারি ২০২২, যশোরে পিডিবিএফ মাগুরা, কুষ্টিয়া ও পাবনা অঞ্চলের সুফলভোগী সম্মিলন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৬ ফেব্রুয়ারি ২০২২, আলোকিত পল্লী সড়কবাতি প্রকল্পের আওতায় যশোরের মনিরামপুর উপজেলায় স্থাপিত সোলার স্ট্রিট লাইট পরিদর্শন এবং স্থানীয় জনগনের সাথে মতবিনিময়।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৭ ফেব্রুয়ারি ২০২২, কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচির আওতায় যশোর সদর উপজেলার উদ্যোক্তাদের কার্যক্রম পরিদর্শন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

৩-৪ মার্চ ২০২২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের পিডিবিএফ যশোর সদর কার্যালয় এর সমিতি পরিদর্শন ও প্রনোদনা ঋনের চেক বিতরন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

৫ মার্চ ২০২২, পিডিবিএফ সিলেট অঞ্চলের সুফলভোগী সম্মিলন।

৭ মার্চ ২০২২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর পক্ষ হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

৮ মার্চ ২০২২, আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে পিডিবিএফ প্রধান কার্যালয়ে আয়োজিত আলোচনা সভা।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১১ মার্চ ২০২২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় এবং পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর রাজশাহীর বাঘা উপজেলায় কোভিড ১৯ প্রনোদনা ঋণ কার্যক্রম পরিদর্শন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৭ মার্চ ২০২২, পিডিবিএফ প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

১৭ মার্চ ২০২২, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পিডিবিএফ প্রধান কার্যালয়ে সুফলভোগী সদস্য ও শিশুদের মাঝে উপহার সামগ্রী বিতরণ।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৬ মার্চ ২০২২, পিডিবিএফ প্রধান কার্যালয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

২৮ মার্চ ২০২২, পিডিবিএফ ও বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে ব্যাংকিং সেবা সংক্রান্ত চুক্তি স্বাক্ষর।

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা



২৯ মার্চ ২০২২, পিডিবিউএফ প্রধান কার্যালয়ে “চতুর্থ শিল্পবিপ্লব ও দারিদ্র্য বিমোচনঃ আগামীর পথরেখা” শীর্ষক কর্মশালা

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা



লকডাউনকালীন ভার্চুয়াল দাপ্তরিক কার্যক্রম

করোনাকালীন সময়ে পিডিবিএফ-এর সমিতি পর্যায়ে প্রশিক্ষণ ফোরাম

স্থিরচিত্রে কার্যক্রম পরিক্রমা

Community Based Tourism (CBT) Bangladesh এর সাথে পিডিবিএফ-এর পল্লী পর্যটন সম্ভাবনা শীর্ষক আলোচনা সভা।

প্রতিবন্ধী জনগোষ্ঠিকে সহযোগিতা প্রদান এবং কর্মকান্ড পরিচালনা বিষয়ে Disabled Rehabilitation & Research Association এর সাথে মতবিনিময় সভা

২০. A SWOT Analysis on PDBF

সামর্থ্য (Strengths):

- রাষ্ট্রীয় মালিকানাধীন, সংবিধিবদ্ধ, স্ব-শাসিত, মাইক্রো ফাইন্যান্স ইন্সটিটিউশন হিসেবে পিডিবিএফ-এর প্রতি জনগণের আস্থা ও গ্রহণযোগ্যতা;
- পল্লী উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে প্রকল্পকালীন অভিজ্ঞতাসহ দীর্ঘ তিন দশকের অধিককালের ঐতিহ্য এবং দক্ষ, অভিজ্ঞ এবং ক্রান্তিকালে সেবা প্রদানে সক্ষম কর্মোদ্দীপ্ত জনবল;
- সেবামূল্য হতে উপার্জিত অর্থে, কোন বহিঃসহায়তা ছাড়াই প্রতিষ্ঠানটি ২১ বছর যাবৎ পরিচালন ও অন্যান্য ব্যয় নির্বাহ করছে;
- সরকারী ও বহিঃসহায়তায় গৃহীত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে স্বীকৃত প্রাতিষ্ঠানিক দক্ষতা ও অভিজ্ঞতা;
- মূলধারার কার্যক্রমের সমান্তরালে পল্লীর দুস্থ জনগণের গৃহ অঙ্গান ও জনপদ আলোকিতকরণে সহায়ক কার্যক্রমের অভিজ্ঞতা, বিশেষতঃ নবায়নযোগ্য শক্তি ব্যবহারের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় ভূমিকা পালন করছে।

দুর্বলতা (Weaknesses)

- সূচনালগ্ন হতে অপ্রতুল তহবিল নিয়ে প্রতিষ্ঠানটি পরিচালিত হয়ে আসছে;
- প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়সহ প্রায় সকল কার্যালয় ভাড়াকৃত ভবন হতে কার্যক্রম পরিচালনা করছে। প্রতিষ্ঠানটির নিজস্ব ভূ-সম্পত্তি বা স্থায়ী অবকাঠামো বলতে উল্লেখযোগ্য কিছু নেই;
- আয়স্তরের সর্বনিম্ন পর্যায়ের সুফলভোগীদের নিয়ে প্রতিষ্ঠানটি কাজ করে। ব্যাপক পরিভোগ চাহিদার কারণে তাঁদের পক্ষে ঋণ পরিশোধ দুরহ, ফলে প্রতিষ্ঠানটিকে প্রবল খেলাপি ঝুঁকি মোকাবিলা করতে হয়;
- বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও এ ফাউন্ডেশন পরিচালন ব্যয় বা তদ্রুপ কোন আর্থিক সমর্থন পায় না;
- কোভিডকালীন সময়ে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান আর্থিক সমর্থন পেলেও বিত্তহীনদের এ প্রতিষ্ঠানটি কোভিড প্রণোদনা তহবিল ব্যতীত অন্য কোন আর্থিক সহায়তা পায়নি;
- তহবিলের অভাবে প্রতিষ্ঠানটির ঐতিহ্যবাহী বহুমাত্রিক প্রশিক্ষণ কার্যক্রম ম্রিয়মাণ হয়ে পড়েছে;
- প্রতিষ্ঠানটি মানব সম্পদ ব্যবস্থাপনায় বিভিন্ন প্রতিকূলতার সম্মুখীন: বিশেষকরে মেধাবী পেশাজীবীদের আকৃষ্ট করা এবং অভ্যন্তরীণ প্রার্থীদের যথাসময়ে পদোন্নতি দিয়ে নেতৃত্ব বিকাশের ক্ষেত্রে সমস্যা দৃশ্যমান;
- পিডিবিএফ আইন ১৯৯৯-এর বিধানাবলীতে কর্মচারীদের পেনশনসহ চাকুরীর বিভিন্ন সুবিধার উল্লেখ থাকলেও বাস্তবে তা নিশ্চিত না করায় কর্মীদের মধ্যে প্রবল হতাশা ও আশংকা বিরাজ করছে;
- পিডিবিএফ আইন ১৯৯৯-এর আলোকে সদ্য প্রবর্তিত কর্মচারী প্রবিধানমালা ২০২১-এর প্রাসঙ্গিক সংস্কার প্রয়োজন।

সম্ভাবনা (Opportunities)

- প্রস্তাবিত সম্প্রসারণ প্রকল্প গৃহীত হলে অবশিষ্ট ৯ টি জেলা ও ১৩৫ টি উপজেলা সহযোগে দেশের সকল জেলা ও উপজেলায় পিডিবিএফ-এর পল্লী পরিসেবা বিস্তৃত হবে এবং প্রতিষ্ঠানটি দারিদ্র্য বিমোচনে দেশব্যাপী কার্যকর ভূমিকা রাখতে পারবে;
- পিডিবিএফ-কে অটোমেশনের আওতায় আনা হলে উন্নততর প্রযুক্তিগত সেবা নিশ্চিত করা সম্ভব হবে;
- সদস্যদের সঞ্চয়ের সুরক্ষা নিশ্চিত করার জন্য আপাত অভাবিত বীমা ও পুনঃবীমা প্রবর্তন করা হলে তা তহবিল ব্যবস্থাপনায় সহায়ক হবে;
- পিডিবিএফ-এর বিস্তৃত নেটওয়ার্ক ব্যবহার করে পল্লী বিপণি সৃজন ও তথ্য প্রযুক্তি নির্ভর বিপণন কৌশল বা ই-কমার্সের মাধ্যমে বিভিন্ন ধরনের পণ্য/সেবা বিপণনের সুযোগ বিস্তৃত করা যেতে পারে;
- কোভিড প্রণোদনা ঋণ কর্মসূচির মত নবতর কর্মসূচির মাধ্যমে অনুশিল্প-নির্ভর দারিদ্র্য বিমোচন কার্যক্রম প্রসারণ করা যেতে পারে;
- পল্লীর দারিদ্র্য বিমোচনে পিডিবিএফ সরকারের অগ্রণী প্রতিষ্ঠান হিসেবে সমন্বয়সূচক ভূমিকা গ্রহণ করতে পারে এবং দারিদ্র্যের মানচিত্র রচনা ও দারিদ্র্য নিরূপণে কার্যকর অবদান রাখতে পারে।

শংকা (Threats)

- পল্লীর প্রান্তিক জনগোষ্ঠীর জীবিকায়নে ক্ষুদ্র ঋণ কার্যক্রম সুদুরপ্রসারী ভূমিকা রাখতে পারে, কিন্তু তাঁদের জীবন ও জীবিকায় প্রাকৃতিক বিপর্যয়সহ যেকোনো অভিঘাত এ কার্যক্রমকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ করতে পারে;
- ঋণ পরিচালন ও সঞ্চয় আহরণে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অসাধু তৎপরতা কেবল কর্মসূচি নয়, প্রতিষ্ঠানের অস্তিত্বকে বিপন্ন করে তুলতে পারে;
- বিপর্যয়কর পরিস্থিতিতে সেবামূল্য আহরণ ক্ষতিগ্রস্থ হলে প্রতিষ্ঠানের পক্ষে নিজস্ব আয় দ্বারা ব্যয় সংকুলান করা দুঃসাধ্য প্রতিপন্ন হতে পারে;
- পিডিবিএফ-এর কার্যক্রমে সরকারী বরাদ্দ বা সীড ক্যাপিটাল-এর সমর্থন ব্যতীত সেবামূল্যের হার ‘এক অঙ্কে’ আনা হলে প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হবে;
- প্রতিষ্ঠানের কর্ম ভারহীন জনবল পুনর্বিন্যাস করা না হলে বিনাশ্রমে পারিশ্রমিক প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি যেমন ভেঙ্গে পড়বে, তেমনি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শৃঙ্খলাও বিপর্যয়ের সম্মুখীন হবে;
- প্রতিষ্ঠানের পরিচালনায় এবং বহির্বলয়ে শুদ্ধতার অভাব হলে প্রতিষ্ঠানে এর গুরুতর প্রভাব পড়তে পারে।

২১. ভবিষ্যৎ কর্মকৌশল

- পিডিবিএফ প্রস্তাবিত সম্প্রসারণ প্রকল্পের মাধ্যমে দেশের সকল জেলা ও উপজেলায় পল্লী পরিসেবা বিস্তৃত করবে এবং প্রতিষ্ঠানটি দারিদ্র্য বিমোচনে পথিকৃতের ভূমিকা পালন করবে;
- পিডিবিএফ প্রশাসনিক মন্ত্রণালয়ের সমর্থন নিয়ে প্রতিষ্ঠানের অনুকূলে সিড ক্যাপিটাল এবং প্রকল্পের আওতায় ঘূর্ণায়মান তহবিল স্বরূপ অতিরিক্ত অর্থের বরাদ্দের জন্য প্রচেষ্টা গ্রহণ করবে;
- পিডিবিএফ প্রশাসনিক মন্ত্রণালয়ের সহায়তায় প্রধান কার্যালয় ও অন্যান্য কার্যালয়ের জন্য নিজস্ব ভৌত অবকাঠামো গড়ে তুলবে;
- পিডিবিএফ মন্ত্রণালয়ের সহায়তা ও নিজ উদ্যোগে অটোমেশন কার্যক্রম গ্রহনের মাধ্যমে সর্বোত্তম সেবা সুনিশ্চিত করবে;
- পিডিবিএফ হতদরিদ্র সুফলভোগীরা যাতে আপদকালীন পরিস্থিতিতে ক্ষুদ্র ঋণের অর্থ পরিভোগে (consumption) ব্যবহার না করে সে জন্য সরকারের কাছ থেকে অনুদান গ্রহণ ও বিতরণের লক্ষ্যে বিশেষ কর্মসূচি প্রস্তাব করবে;
- পিডিবিএফ বিশেষ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়ের সহায়তায় বহুমাত্রিক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি পূর্ণাংগ প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করবে;
- পিডিবিএফ ঋণের সুরক্ষার স্বার্থে বীমা ও পুনঃবীমার সুবিধা আহরণ এবং সর্বোত্তম তদারকি নিশ্চিত করবে;
- পিডিবিএফ নিজস্ব নেটওয়ার্ক ব্যবহার করে পল্লী বিপণি সৃজন ও তথ্য প্রযুক্তি নির্ভর বিপণন কৌশল বা ই-কমার্সের মাধ্যমে বিভিন্ন ধরনের পণ্য/সেবা বিপণনের সুযোগ বিস্তৃত করবে;

- কোভিড প্রণোদনা ঋণ কর্মসূচির মত নবতর কর্মসূচির মাধ্যমে অনুশিল্প ও নবসম্পদ-নির্ভর দারিদ্র্য বিমোচন কার্যক্রম প্রসারণ করবে;
- পিডিবিএফ মেধাবী পেশাজীবীদের আকৃষ্ট করা এবং অভ্যন্তরীণ প্রার্থীদের যথাসময়ে পদোন্নতি দিয়ে নেতৃত্ব বিকাশের ক্ষেত্র তৈরি করবে এবং প্রতিষ্ঠানটির জন্য একটি সুবিন্যস্ত মানব সম্পদ ব্যবস্থাপনা প্রবর্তন করবে;
- পিডিবিএফ আইন ১৯৯৯-এর আলোকে সদ্য প্রবর্তিত কর্মচারী প্রবিধানমালা ২০২১-এর প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের জন্য প্রস্তাব উপস্থাপন করা হবে;
- পিডিবিএফ আইন ১৯৯৯-এর বিধানাবলীর অনুসরণে কর্মচারীদের পেনশনসহ চাকুরীর বিভিন্ন সুবিধা নিশ্চিত করার জন্য প্রবিধান প্রণয়নসহ অর্থ সংস্থানের লক্ষ্যে কার্যকর পদক্ষপ গ্রহণ করবে;
- পিডিবিএফ প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার রক্ষায় বিদ্যমান বিধানাবলী অনুসরণ এবং যথাযথ আঙ্গিকে শৃঙ্খলামূলক কার্যক্রম পরিচালনায় দৃঢ় অবস্থান গ্রহণ করবে;
- অতি দ্রুত কর্মভারহীন জনবল পুনর্বিন্যাস করে কর্মীদের উৎপাদনশীলতা এবং শৃঙ্খলার বাতাবরণ নিশ্চিত করবে; এবং
- পিডিবিএফ প্রশাসনিক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় পল্লীর দারিদ্র্য বিমোচনে সরকারের অগ্রণী প্রতিষ্ঠান হিসেবে সমন্বয়সূচক ভূমিকা গ্রহণ করবে এবং দারিদ্র্যের মানচিত্র রচনা ও দারিদ্র্য নিরূপণে কার্যকর অবদান রাখবে।

ইতিলেখ:

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) পল্লীর বিপন্ন মানুষের প্রতিষ্ঠান। ‘সবার নীচে, সবার পিছে, সব হারাদের মাঝে’ আমাদের উজ্জ্বল উপস্থিতি। কোভিডের অতিমৃত্যু বিশ্বকে ‘স্তব্ধ, ভীত ও বিস্মিত’ করেছে। তবুও থেমে থাকেনি পিডিবিএফ-এর পথ চলা। পল্লীর দু:স্থ বিপদগ্রস্ত ও বঞ্চিত মানুষের পাশে থেকে পিডিবিএফ-এর কর্মীরা তাদের ভাগ্য বদলের লড়াইয়ে সহযোদ্ধার মত সক্রিয়।

বঙ্গবন্ধু স্বাধীনতা ও মুক্তির ডাক দিয়েছিলেন। বঙ্গবন্ধুর কণ্যা দিয়েছেন স্বপ্নময় বারতা: রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১। উন্নয়নের প্রাণস্পর্শে পল্লীর জনপদ ও জনগণকে উজ্জীবিত ও উদ্দীপিত করে চলেছে পিডিবিএফ-এর কর্মী দল। মহাজনি শোষণের বিরুদ্ধে বিত্তহীনের সংগ্রাম। কারবারিদের হঠকারিতায় গ্রামীণ দরিদ্রদের রুখে দাঁড়ানোর যুদ্ধ। দাদন ব্যবসায়ীদের ভয়ে পালিয়ে বেড়ানো বিত্তহীন কৃষাণের প্রতিরোধ। এ জীবন-সংগ্রামে পিডিবিএফ-এর কর্মীরা বঙ্গবন্ধুর আদর্শে প্রাণিত পল্লীর হতদরিদ্র মানুষের সাথী ও সারথি।

সমাপনী

পল্লীর জনগন ও জনপদের উন্নয়নে পিডিবিএফ ২১ বছর অতিবাহিত করেছে। প্রতিষ্ঠানটি আগামীর গতিপথে ভিন্ন পথরেখা অনুসরণ করবে, যে পথরেখা উন্মোচন করবে নবসম্ভাবনার বাতায়ন:

“ বাংলাদেশ অমিত সম্ভাবনার দেশ। এদেশের মানুষ অত্যন্ত সাহসী, দৃঢ়চেতা এবং পরিশ্রমী। নিজেদের ভবিষ্যৎ বিনির্মাণ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি উন্নত বাংলাদেশ গড়ে তোলার জন্য আমরা দৃঢ় প্রত্যয়ী।”

- জননেত্রী শেখ হাসিনা